**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু**

**বিসমিল্লাহি রহমানির রহীম**

আজকের আলোচনার বিষয়বস্তু: **"পবিত্র কোরআনে বর্ণিত আল্লাহর কাছে হযরত ইব্রাহিম (আ:) এর দোয়াসমূহ।"**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল-বাকারা ২:১২৬ থেকে ১২৯**

১. আমাদের প্রভু! আমাদের (ইব্রাহিম ও ইসমাইল যখন কাবা তৈরি করছিলেন) পক্ষ থেকে আমাদের এ কাজ কবুল করো।

وَاِذْ قَالَ اِبْرٰهٖمُ رَبِّ اجْعَلْ هٰذَا بَلَدًا اٰمِنًا وَّارْزُقْ اَهْلَهٗ مِنَ
الثَّمَرٰتِ مَنْ اٰمَنَ مِنْهُمْ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ قَالَ وَمَنْ كَفَرَ
فَاُمَتِّعُهٗ قَلِيْلًا ثُمَّ اَضْطَرُّهٗۤ اِلٰى عَذَابِ النَّارِ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿۱۲۶﴾

**স্মরণ করো, যখন ইব্রাহিম বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! ইহাকে নিরাপদ শহর করিও, আর ইহার অধিবাসীদের মধ্যে যাহারা আল্লাহ ও আখিরাতে ঈমান আনে তাহাদেরকে ফলমূল থেকে জীবিকা প্রদান করিও।'তিনি বলিলেন, যে কেহ কুফরি করিবে তাহাকেও কিছু কালের জন্য জীবন উপভোগ করিতে দিবো, অতঃপর তাহাকে জাহান্নামের শাস্তি ভোগ করিতে বাধ্য করিব এবং কত নিকৃষ্ট তাহাদের প্রত্যাবর্তনস্থল! (সূরা আল-বাকারা ২:১২৬)**

وَإِذْ يَرْفَعُ إِبْرٰهِمُ الْقَوَاعِدَ مِنَ الْبَيْتِ وَإِسْمٰعِيلُ ۖ رَبَّنَا تَقَبَّلْ
مِنَّا ۖ إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿١٢٧﴾

স্মরণ করো, যখন ইব্রাহিম ও ইসমাইল কা'বাগৃহের প্রাচীর তুলিতেছিল তখন তাহার বলিয়াছিল, 'হে আমাদের প্রতিপালক! আমাদের এই কাজ গ্রহণ করো, নিশ্চয় তুমি সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা।'
(সূরা আল-বাকারা ২:১২৭)

رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَا أُمَّةً مُّسْلِمَةً لَّكَ ۖ
وَأَرِنَا مَنَاسِكَنَا وَتُبْ عَلَيْنَا ۚ إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ ﴿١٢٨﴾

'হে আমাদের প্রতিপালক! আমাদের উভয়কে তোমার একান্ত অনুগত কর এবং আমাদের বংশধর হইতে তোমার এক অনুগত উম্মত করিও। আমাদের 'ইবাদতের নিয়ম-পদ্ধতি দেখাইয়া দেও এবং আমাদের প্রতি ক্ষমাশীল হও। তুমি অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।' (সূরা আল-বাকারা ২:১২৮)

رَبَّنَا وَابْعَثْ فِيهِمْ رَسُولًا مِّنْهُمْ يَتْلُوا عَلَيْهِمْ اٰيٰتِكَ وَيُعَلِّمُهُمُ
الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَيُزَكِّيهِمْ ۖ إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿١٢٩﴾ ع

'হে আমাদের প্রতিপালক! তাহাদের মধ্যে হইতে তাহাদের নিকট একজন রাসূল প্রেরণ কোরিও-যে তোমার আয়াতসমূহ তাহাদের নিকট তিলাওয়াত করিবে; তাহাদেরকে কিতাব ও হিকমত শিক্ষা দিবে এবং তাহাদেরকে পবিত্র করিবে। তুমি তো পরাক্রমশীল, প্রজ্ঞাময়।' (সূরা আল-বাকারা ২:১২৯)

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা আলে-ইমরান ৩:১৭৩</u>**

২. আমাদের জন্যে আল্লাহই যথেষ্ট, তিনিই সর্বোত্তম উকিল (কর্মসম্পাদনকারী) আগুনে নিক্ষেপের সময় ইব্রাহিমের দোয়া।

الَّذِيْنَ قَالَ لَهُمُ النَّاسُ اِنَّ النَّاسَ قَدْ جَمَعُوْا لَكُمْ فَاخْشَوْهُمْ
فَزَادَهُمْ اِيْمَانًا ۖ وَّقَالُوْا حَسْبُنَا اللّٰهُ وَنِعْمَ الْوَكِيْلُ ﴿١٧٣﴾

**ইহাদেরকে লোকে বলিয়াছিল, তোমাদের বিরুদ্ধে লোক জমায়েত হইয়াছে, সুতরাং তোমরা তাহাদেরকে ভয় কর; কিন্তু ইহা তাহাদের ঈমান দৃঢ়তার করিয়াছিল এবং তাহারা বলিয়াছিল, 'আল্লাহই আমাদের জন্য যথেষ্ট এবং তিনি কত উত্তম কর্মবিধায়ক!' (সূরা আলে-ইমরান ৩:১৭৩)**

এ আয়াতটি খন্দকের যুদ্ধের সময় নাজিল হয়েছিল। মুহাম্মদ রাসূলুল্লাহ (স:) ও সাহাবীরা এ দোয়া করেছিলেন। ইবনে আব্বাস বর্ণনা করেন, যখন ইব্রাহিম (আ:) কে আগুনে নিক্ষেপ করা হয়েছিল তখন তিনি বলেছিলেন, আল্লাহই আমাদের জন্যে যথেষ্ট, তিনিই সর্বোত্তম উকিল। (**বুখারী ৪৫৬৪**)

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা ইব্রাহিম ১৪:৩৫ থেকে ৪১</u>**

৩. (আল্লাহর নির্দেশে ইব্রাহিম শিশুপুত্র ইসমাইল ও তার মাকে জনমানবহীন কাবা ঘরের পার্শ্বে রেখে এসেছিলেন তখন দোয়া করেছিলেন) আমাদের প্রভু! আমি তো আমার বংশধরদের একটি অংশের বসবাসের ব্যবস্থা করেছি এই অনুর্বর উপত্যকায় তোমার সম্মানিত ঘরের কাছে।

وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِيْ وَبَنِيَّ
اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ ۭ﴿٣٥﴾

**স্মরণ করো, ইব্রাহিম বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! এই নগরীকে নিরাপদ করিও এবং আমাকে ও আমার পুত্রগণকে প্রতিমা পূজা হইতে দূরে রাখিও।' (সূরা ইব্রাহিম ১৪:৩৫)**

رَبِّ إِنَّهُنَّ أَضْلَلْنَ كَثِيرًا مِّنَ النَّاسِ ۖ فَمَن تَبِعَنِي فَإِنَّهُ مِنِّي ۖ وَ
مَنْ عَصَانِي فَإِنَّكَ غَفُورٌ رَّحِيمٌ ٣٦

'হে আমার প্রতিপালক! এই সকল প্রতিমা তো বহু মানুষকে বিভ্রান্ত করিয়াছে। সুতরাং যে অনুসরণ করিবে সে-যে আমার দলভুক্ত, কিন্তু কেহ আমার অবাধ্য হইলে তুমি তো ক্ষমাশীল, পরম দয়ালু।'
(সূরা ইব্রাহিম ১৪:৩৬)

رَّبَّنَا إِنِّي أَسْكَنتُ مِن ذُرِّيَّتِي بِوَادٍ غَيْرِ ذِي زَرْعٍ عِندَ بَيْتِكَ
الْمُحَرَّمِ ۙ رَبَّنَا لِيُقِيمُوا الصَّلَاةَ فَاجْعَلْ أَفْئِدَةً مِّنَ النَّاسِ
تَهْوِي إِلَيْهِمْ وَارْزُقْهُم مِّنَ الثَّمَرَاتِ لَعَلَّهُمْ يَشْكُرُونَ ٣٧

'হে আমাদের প্রতিপালক! আমি আমার বংশধরদের কতকদের বসবাস করেন অনুর্বর উপত্যকায় তোমার পবিত্র গৃহের নিকট, হে আমাদের প্রতিপালক! এই জন্য যে, উহারা যেন সালাত কায়েম করে। অতএব তুমি কিছু লোকের অন্তর উহাদের প্রতি অনুরাগী করিয়া দাও এবং ফলাদি দ্বারা উহাদের রিযিকের ব্যবস্থা করিও, যাহাতে উহারা কৃতজ্ঞতা প্রকাশ করে। (সূরা ইব্রাহিম ১৪:৩৭)

رَبَّنَآ إِنَّكَ تَعْلَمُ مَا نُخْفِي وَمَا نُعْلِنُ ۗ وَمَا يَخْفَىٰ عَلَى ٱللَّهِ مِن شَيْءٍ
فِي ٱلْأَرْضِ وَلَا فِي ٱلسَّمَآءِ ﴿٣٨﴾

'হে আমার প্রতিপালক! তুমি তো জানো যাহা আমরা গোপন করি ও যাহা আমরা প্রকাশ করি; আকাশমন্ডলী ও পৃথিবীর কিছুই আল্লাহর নিকট গোপন থাকে না। (সূরা ইব্রাহিম ১৪:৩৮)

ٱلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِي وَهَبَ لِي عَلَى ٱلْكِبَرِ إِسْمَٰعِيلَ وَإِسْحَٰقَ ۚ إِنَّ رَبِّي
لَسَمِيعُ ٱلدُّعَآءِ ﴿٣٩﴾

সমস্ত প্রশংসা আল্লাহরই, যিনি আমাকে বার্ধক্যে ইসমাইল ও ইসহাককে দান করিয়াছেন। আমার প্রতিপালক অবশ্যই প্রার্থনা শুনিয়ে থাকেন। (সূরা ইব্রাহিম ১৪:৩৯)

رَبِّ ٱجْعَلْنِي مُقِيمَ ٱلصَّلَوٰةِ وَمِن ذُرِّيَّتِي ۚ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَآءِ ﴿٤٠﴾

'হে আমার প্রতিপালক! আমাকে সালাত কায়েমকারী কর এবং আমার বংশধরদের মধ্য হইতেও। হে আমার প্রতিপালক! আমার প্রার্থনা কবুল কর। (সূরা ইব্রাহিম ১৪:৪০)

رَبَّنَا ٱغْفِرْ لِي وَلِوَٰلِدَيَّ وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ ٱلْحِسَابُ ﴿٤١﴾

'হে আমার প্রতিপালক! যেই দিন হিসাব অনুষ্ঠিত হইবে সেই দিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মুমিনগণকে ক্ষমা করিও। (সূরা ইব্রাহিম ১৪:৪১)

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আশ-শুয়ারা ২৬:৮৩ থেকে ৮৯**

৪. (ইব্রাহিম যখন তার কওমের ও তার পিতার মূর্তি পূজা থেকে নিজেকে পৃথক করে দেশ ত্যাগ করেছিলেন তখন দোয়া করেছিলেন) আমার প্রভু! আমাকে প্রজ্ঞা দান করো এবং মিলিত করো সালেহ লোকদের সাথে।

رَبِّ هَبْ لِي حُكْمًا وَّأَلْحِقْنِي بِالصّٰلِحِيْنَ ۝٨٣

**'হে আমার প্রতিপালক! আমাকে জ্ঞান দান কর এবং সৎকর্মপরায়ণদের শামিল কর।'**
**(সূরা আশ-শুয়ারা ২৬:৮৩)**

وَاجْعَلْ لِّي لِسَانَ صِدْقٍ فِي الْاٰخِرِيْنَ ۝٨٣

**আমাকে পরবর্তীদের মধ্যে যশস্বী করো, (সূরা আশ-শুয়ারা ২৬:৮৪)**

وَاجْعَلْنِيْ مِنْ وَّرَثَةِ جَنَّةِ النَّعِيْمِ ۝٨٥

**'এবং আমাকে সুখময় জান্নাতে অধিকারীদের অন্তরভুক্ত কর,' (সূরা আশ-শুয়ারা ২৬:৮৫)**

وَاغْفِرْ لِاَبِيْٓ اِنَّهٗ كَانَ مِنَ الضَّآلِّيْنَ ۝٨٦

**'আর আমার পিতাকে ক্ষমা করো, তিনি তো পথভ্রস্ট শামিল ছিলেন।' (সূরা আশ-শুয়ারা ২৬:৮৬)**

Click here [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)

وَلَا تُخْزِنِي يَوْمَ يُبْعَثُونَ ﴿٨٧﴾

**এবং আমাকে লাঞ্ছিত করিও না পুনরুত্থান দিবসে, (সূরা আশ-শুয়ারা ২৬:৮৭)**

يَوْمَ لَا يَنفَعُ مَالٌ وَلَا بَنُونَ ﴿٨٨﴾

**যেদিন ধন-সম্পদ ও সন্তান সন্ততি কাজে আসিবে না; (সূরা আশ-শুয়ারা ২৬:৮৮)**

إِلَّا مَنْ أَتَى اللَّهَ بِقَلْبٍ سَلِيمٍ ﴿٨٩﴾

**সেদিন উপকৃত হইব কেবল সে, যে আল্লাহর নিকট আসিবে বিশুদ্ধ অন্তকরণ লইয়া।**
**(সূরা আশ-শুয়ারা ২৬:৮৯)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u> <u>সূরা আস-সাফফাত ৩৭:১০০</u>**

৫. (ইব্রাহিম বৃদ্ধ বয়স পর্যন্ত নি:সন্তান ছিলেন এবং বৃদ্ধ বয়সে আল্লাহর কাছে দোয়া করেছিলেন সন্তানের জন্য আল্লাহ দান করেছিলেন ইসমাইল ও ইসহাক দুই পুত্র)।

رَبِّ هَبْ لِي مِنَ الصَّالِحِينَ ﴿١٠٠﴾

**'হে আমার প্রতিপালক! আমাকে এক সৎকর্মপরায়ণ সন্তান দান কর।(সূরা আস-সাফফাত ৩৭:১০০)**

Click here http://www.morningbrightness.fi/

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আল-মুমতাহিনাহ ৬০:৪,৫**

৬. (ইব্রাহিম তার কওমাকে বলেছিল তোমাদের মূর্তি পূজার সাথে আমার কোনো সম্পর্ক নেই, আমি আলাদা হয়ে যাচ্ছি, তখন দোয়া করেছিল) আমাদের প্রভু! আমরা তোমার প্রতি তাওয়াক্কুল করলাম, আমরা তোমারই অভিমুখী হলাম।

قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِيٓ إِبْرٰهِيمَ وَالَّذِينَ مَعَهُۥٓ إِذْ قَالُوا
لِقَوْمِهِمْ إِنَّا بُرَءٰٓؤُا مِنكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِن دُونِ اللّٰهِ كَفَرْنَا
بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدٰوَةُ وَالْبَغْضَآءُ أَبَدًا حَتّٰى
تُؤْمِنُوا بِاللّٰهِ وَحْدَهُۥٓ إِلَّا قَوْلَ إِبْرٰهِيمَ لِأَبِيهِ لَأَسْتَغْفِرَنَّ لَكَ وَمَآ
أَمْلِكُ لَكَ مِنَ اللّٰهِ مِن شَيْءٍ رَّبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَإِلَيْكَ أَنَبْنَا
وَإِلَيْكَ الْمَصِيرُ ﴿٣﴾

**তোমাদের জন্য ইব্রাহিম ও তাহার অনুসারীদের মধ্যে রহিয়াছে উত্তম আদর্শ। যখন তাহারা তাহাদের সম্প্রদায়কে বলিয়াছিল, 'তোমাদের সঙ্গে এবং তোমরা আল্লাহর পরিবর্তে যাহার ইবাদাত করো তাহার সঙ্গে আমাদের কোনো সম্পর্ক নাই. আমরা তোমাদেরকে মানি না।তোমাদের ও আমাদের মধ্যে সৃষ্টি হইল শত্রুতা ও বিদ্বেষ চিরকালের জন্য; যদি না তোমরা এক আল্লাহেত ঈমান আন।'তবে ব্যতিক্রম তাহার পিতার প্রতি ইব্রাহিমের উক্তি: 'আমি নিশ্চয়ই তোমার জন্য ক্ষমা প্রার্থনা করিব; এবং তোমার ব্যাপারে আল্লাহর নিকট আমি কোনো অধিকার রাখি না।' ইব্রাহিম ও তাহার অনুসারীগণ বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! আমরা তোমারই উপর নির্ভর করিয়াছি, তোমরই অভিমুখী হইয়াছি এবং প্রত্যাবর্তন তো তোমারই নিকট।(সূরা আল-মুমতাহিনাহ ৬০:৪)**

رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلَّذِينَ كَفَرُوا وَاغْفِرْ لَنَا رَبَّنَا ۖ إِنَّكَ أَنتَ
الْعَزِيزُ الْحَكِيمُ ۝٥

**'হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের কাফিরদের পিড়ণের পাত্র করিও না। ক্ষমা করো; 'হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের ক্ষমা করো; তুমি তো পরাক্রমশীল, প্রজ্ঞাময়।' (সূরা আল-মুমতাহিনাহ ৬০:৫)**

প্রিয় ভাই ও বোনেরা, নবী রাসূলগণ যে ভাষায় আল্লাহর কাছে দোয়া করেছেন। আসুন, আমরা সে ভাষায় দোয়া করি মহান রাব্বুল আ'লামিনের কাছে যিনি পরম করুণাময়, অত্যন্ত দয়াশীল, ক্ষমা করনে ওয়ালা।

আল্লাহ আমাদের দোয়া কবুল করুন।

**আমীন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

Click here http://www.morningbrightness.fi/